I, Upal Tikadar (old name) son of Gopal Tikadar, residing at Vill: Hariharpur, P.O & P.S - Bagdah, Dist: North 24 Parganas, Pin: 743232, West Bengal, have changed my name and shall henceforth be known as Upal Tikadar (new name) as declared before the Ld. Executive Magistrate at Bongaon, North 24 Parganas, vide affidavit No. 6210 dated 29/10/2025. Upal Tikadar and Upal Tikadar both are same and one identical person.

Name Change

I, Ajay Choudhary (old name) son of Vijay Kumar Choudhary, residing at 37, Dr. Abani Dutta Road, Sarkia, Howrah - 711106, West Bengal, have changed my name and shall henceforth be known as Ajay Kumar Choudhary (new name) as declared before the Notary Public at Kolkata, vide Affidavit No. 362025 dated 03/11/2025. Ajay Choudhary (old name) and Ajay Kumar Choudhary (new name) both are same and one identical person.

Name Change

I, Gopal Tikader(old name) son of Late Dhiren Tikadar, residing at Vill: Hariharpur, P.O & P.S - Bagdah, Dist: North 24 Parganas, Pin: 743232, West Bengal, have changed my name and shall henceforth be known as Gopal Tikader (new name) as declared before the Notary Public at Kolkata vide affidavit No. 12 dated 04/11/2025. Gopal Tikader (old name) and Gopal Tikader (new name) both are same and one identical person.

Name Change

I, Subal Chandra Mandal (Old Name) S/O- Jain Mandal resident of Dhananjay, Dhananjaypur , Nakashipara, Dist-Nadia, West Bengal, Pin-741126 do hereby declared that I have changed my name from Subal Chandra Mandal to Subal Mandal and henceforth I shall be known as Subal Mandal (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 26/09/2025. My name Subal Mandal & Subal Chandra Mandal both are same and one identical person.

Name Change

I, Md Atikur Rahaman Biswas (Old Name) S/O- Abu Taher Biswas resident of Pipulkhola , Ghaghatapara , Thanarpara, Dist-Nadia, West Bengal, Pin-741152 do hereby declared that I have changed my name from Md Atikur Rahaman Biswas to Atikur Rahaman Biswas and henceforth I shall be known as Atikur Rahaman Biswas (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 07/11/2025. My name Atikur Rahaman Biswas & Md Atikur Rahaman Biswas both are same and one identical person.

Name Change

I, Tusar Roy (Old Name) S/O-Totan Roy resident of Kuchudanga, Fulkhali, Dist-Nadia , West Bengal, Pin-741158 do hereby declared that I have changed my name from Tusar Roy to Tushar Roy and henceforth I shall be known as Tushar Roy (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 07/11/2025. My name Tushar Roy & Tusar Roy both are same and one identical person.

পাটনা, ৯ নভেম্বর (হি.স.)ঃ ভাই তেজস্বী প্রসাদের জন্মদিনে রবিবার দাদা তেজপ্রতাপ বললেন, ভাইয়ের জন্মদিনে অনেক শুভেচ্ছা থাকল।

Name Change

I, Susit Das (Old Name) S/O-Manoranjan Das residing at Vill-Betai South Jitpur , PO-Betai , PS-Tehatta , Nadia, West Bengal 741165 do hereby declared that I have changed my name from Suriya Mallick to Surya Mallick and henceforth I shall be known as Surya Mallick (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 07/10/2025. My name Surya Mallick & Suriya Mallick both are same and one identical person.

Name Change

I,MUNIRA BEGUM (OLD NAME) W/O SEKH ANWAR HUSSAIN , RESIDING AT, VILL - PANCHGHARA PASCHIMPARA, P. O - PANCHGHARA BAZAR , P. S - CHANDITALA, DIST - HOOGHLY - 712306. W.B. INDIA, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS SEKH ANWAR HUSSAIN (NEW NAME), AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA, Dt.07/11/2025. SEKH ANWAR HUSSAIN (NEW NAME) AND SHAIKH ANWAR ALI (OLD NAME) BOTH ARE SAME AND IDENTICAL PERSON,

Name Change

I RAHAMATULLA SARDAR S/O NOOR ISLAM SARDAR, residing at Vill-Ramchandrapur (hasanpur), P.O & P.S-Sonarpur, South 24 Parganas-700180, West Bengal, have changed my name and shall henceforth be known as RAHAMATULLA SARDAR as declared before the Ld. 1st class Judicial Magistrate at Baranpur vide affidavit no. 9523 and dated 04/11/2025. RAHAMATULLA SARDAR and RAHAMTULLA SARDAR both are same and identical person.

Name Change

I, MD RUHUL AMIN SARDAR S/O ABDUL KARIM SARDAR Residing at 0025 Panitar Khajpur Para , P.S-Basirhat, District - North 24 Parganas, Pin - 743292, West Bengal, India have changed my name and shall henceforth be known as RUHUL AMIN SARDAR as declared before the Notary Public at Kolkata vide affidavit Dated 07-11-2025. MD RUHUL AMIN SARDAR and RUHUL AMIN SARDAR both are same and identical person.

Name Change

I, Barkuti Bibi (Old Name) W/O-Naimuddin Sekh resident of Vill-Bangara , Po-Bholidanga , Ps-Nakashipara , Dist-Nadia , West Bengal, Pin-741126 do hereby declared that I have changed my name from Barkuti Bibi to Barkati Sekh and henceforth my name shall be known as Barkati Sekh (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 22/08/2025. My name Barkati Sekh & Barkuti Bibi both are same and one identical person.

Name Change

I, Naimuddin Sk & Nyomuddin Sk (Old Name) S/O- Achheruddin Sekh resident of Vill-Bangara , Po-Bholidanga , Ps-Nakashipara , Dist-Nadia , West Bengal, Pin-741126 do hereby declared that I have changed my name from Naimuddin Sk & Nyomuddin Sk to Naimuddin Sekh and henceforth my name shall be known as Naimuddin Sekh (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 22/08/2025. My name Naimuddin Sekh (new name) & (old name) Naimuddin Sk & Nyomuddin Sk both are same and one identical person.

Name Change

I, Julema Bibi (Old Name) W/O-Sauful Sk resident of Vill & Po-Beunchitala , Ps-Daulatabad , Dist-Murshidabad , West Bengal, Pin-742302 do hereby declared that I have changed my name from Julema Bibi to Julekha Bibi and henceforth I shall be known as Julekha Bibi (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 07/11/2025. My name Julekha Bibi & Julema Bibi both are same and one identical person.

Name Change

I, Jannatunnesha Khatun @ Jannatinrisha Khatun @ Jannatinissa Begum D/O- SK Jamaluddin resident of Vill-Paraj, P.O.- Paraj, P.S.- Galsi, Dist- Purba Bardhaman, West Bengal, PIN - 713403, shall henceforth be known as 'JANNATUNNESHA BEGUM' vide an affidavit before the Notary Public at Purba Bardhaman on 07/11/2025. That Jannatunnesha Khatun, Jannatinissa Begum and Jannatunnesha Begum all are same and one identical person.

Name Change

I , Sahar Ali Mollick S/O- Saukat Ali Mollick @ Soukat Ali Mallick resident of Vill- Telsara, P.O.- Rasulpur, P.S.- Memari, Dist- Purba Bardhaman, West Bengal, PIN -713151, shall henceforth be known as 'SAHAR ALI MALLICK' vide an affidavit before the Notary Public at Purba Bardhaman on 07/11/2025. That Sahar Ali Mollick and Sahar Ali Mallick both are same and one identical person.

Name Change

I, Saukat Ali Mollick S/O- Golam Ehiya Mallick resident of Vill- Telsara, P.O.- Rasulpur, P.S.- Memari, Dist- Purba Bardhaman, West Bengal, PIN - 713151, shall henceforth be known as 'SOUKAT ALI MALLICK' vide an affidavit before the Notary Public at Purba Bardhaman on 07/11/2025. That Saukat Ali Mollick and Soukat Ali Mallick both are same and one identical person.

Name Change

I, Sekh Abul Hossain S/O- SK Abul Kalam resident of Vill- Kshetia, P.O.- Kshetia, P.S.- Dewandighi, Dist-Purba Bardhaman, West Bengal, PIN - 713102, shall henceforth be known as 'SK ABUL HOSSAIN' vide an affidavit before the Notary Public at Purba Bardhaman on 07/11/2025. That Sekh Abul Hossain and SK Abul Hossain both are same and one identical person.

Name Change

I, SK Abul Hossain, S/O- SK Abul Kalam, resident of Vill- Kshetia, P.O.- Kshetia, P.S.- Dewandighi, Dist-Purba Bardhaman, West Bengal, PIN- 713102, that my son name is wrongly written as 'SEKH SAHANAZ' in the PASSPORT, but actual/correct Name is 'SK SAHANAZ' vide an affidavit before the Notary Public at Purba Bardhaman on 07/11/2025. That SEKH SAHANAZ and SK SAHANAZ is the same and one identical person.

Name Change

I, Suriya Mallick (Old Name) S/O-Kamal Mallick residing at Vill-Audia , PO-Tarakganj , PS-Murulia , Nadia, West Bengal 741165 do hereby declared that I have changed my name from Suriya Mallick to Surya Mallick and henceforth I shall be known as Surya Mallick (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 07/10/2025. My name Surya Mallick & Suriya Mallick both are same and one identical person.

Name Change

I,SHAIKH ANWAR ALI (OLD NAME) S/O LATE SK SARABAT ALI , RESIDING AT, PANCHGHARA MUSLIMPARA , P. O - PANCHGHARA BAZAR , P. S - CHANDITALA, DIST - HOOGHLY - 712306. W.B. INDIA, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS SEKH ANWAR HUSSAIN (NEW NAME), AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA, Dt.07/11/2025. SEKH ANWAR HUSSAIN (NEW NAME) AND SHAIKH ANWAR ALI (OLD NAME) BOTH ARE SAME AND IDENTICAL PERSON.

Name Change

I, Islam Ali (Old Name) S/o Sekh Mazid Residing at Ali Hyder Road, P.o+P.s - Titagarh, District - North 24 Parganas, Pin - 700119, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Md Islam (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Islam Ali (Old Name) and Md Islam (New Name) both are same and one identical person.

Name Change

I, Kaniz Fatma (Old Name) W/o Sk Nizamuddin Residing at 24/4/6 Kabiritha Sarani, P.o.- Khiddipore, P.s - Walgunge, District - Kolkata, Pin - 700023, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Kaniz Fatma (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Kaniz Fatma (Old Name) and Kaniz Fatma (New Name) both are same and one identical person.

Name Change

I, Md Kamal Hossain Khan (Old Name) S/o Nurislam Khan Residing at Vill - Singberia, P.o - Panchangam, P.s - Diamond Harbour, District - South 24 Parganas, Pin - 743368, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Kamal Hossain Khan (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Md Kamal Hossain Khan (Old Name) and Kamal Hossain Khan (New Name) both are same and one identical person.

Name Change

I, Md Nur Islam Khan (Old Name) S/o Hamid Khan Residing at Vill - Singberia, P.o - Panchangam, P.s - Diamond Harbour, District - South 24 Parganas, Pin - 743368, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Nurislam Khan (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Md Nur Islam Khan (Old Name) and Nurislam Khan (New Name) both are same and one identical person.

Name Change

I, Monoranjan Adhikary (Old Name) S/o Manik Adhikari Residing at Uttar Jharpardah Ramkrishna Pally, P.o - Uttar Jharpardah, P.s - Domjur, District - Howrah, Pin - 711405, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Monoranjan Adhikari (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Monoranjan Adhikary (Old Name) and Monoranjan Adhikari (New Name) both are same and one identical person.

Name Change

I, Nani Gopal Biswas (Old Name) S/o Ananda Biswas Residing at Vill - Kadaranga, P.o - Asharu, P.s - Bagda, District - North 24 Parganas, Pin - 743251, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Monoranjan Adhikari (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 07-11-2025. Nani Gopal Biswas (Old Name) and Nani Gopal Biswas (New Name) both are same and one identical person.

Name Change

I, Kevin Xavier (Old Name) S/o Maurice Jude Xavier Residing at 9/H/2, Ismail Street, P.o+P.s - Entally, District - Kolkata, Pin - 700014, West Bengal, India have Changed my name and shall henceforth be known as Kevin Joseph Xavier (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit Dated 07-11-2025. Kevin Xavier (Old Name) and Kevin Joseph Xavier (New Name) both are same and one identical person.

Name Change

I, Sanjoy Kumar Shaha Banik (Old Name) S/o Late Panchanan Shaha Banik Residing at 92/2, Makaltalla Lane, P.s - Uttarpara, District - Hooghly, Pin - 712232, West Bengal, India have Changed my name and shall henceforth be Known as Sanjay Kumar Shaha Banik (New Name) as declared before the Notary public Kolkata vide affidavit Dated 03-11-2025. Sanjoy Kumar Shaha Banik (Old Name) and Sanjay Kumar Shaha Banik (New Name) both are same and one identical person.

নাম পরিবর্তন

আমি Shymal Kumar Roy (পুরাতন নাম) 56/৪B,

ক্যানিং এ দুটি প্থক পথ দৃর্ঘটনায় মৃত দুই, আহত এক

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,ক্যানিং,৯ নভেম্বরঃ শনিবার বিকালে পৃথক দুটি পথ দৃর্ঘটনায় মৃত্যু হল দুজনের। পাশাপাশি এই ঘটনায় গুরুতর জখম হয়েছেন ১ জন। ক্যানিং থানার পুলিশ মৃতদেহ দুটি উদ্ধার করেছে। রবিবার মরনা তদন্তের জন্য পাঠানো হবে বলে পুলিশ সূত্রে জানা গেল। জানা গিয়েছে বাসন্তী থানার অন্তর্গত ৬ নম্বর সোনাখালির বাসিন্দা পেশায় মোটর চালিত ইঞ্জিন ভানি চালক মামুন লস্কর,বয়স ৩৫। এদিন দুপুরে নিজের বাড়ির কাছেই আচমকা ইঞ্জিনভানি উল্টে গিয়ে চাপা পড়েন। গুরুতর জখম হয় মামুনা নিকট আত্মীয়রা তাকে উদ্ধার করে। চিকিৎসার জন্য ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষনা করেন। অন্যদিকে এদিন ক্যানিং বারুইপুর রোডের বেতরেডিয়া ছয়ানি সংলগ্ন এলাকায় বাইক ও টোটোর সংঘর্ষে মৃত্যু হয় সুরজিত মন্ডল,বয়স ৩৫ নামে এক যুবকের। মৃতের বাড়ি জীবনতলা থানার অন্তর্গত সৌদহ সংলগ্ন গোপপুর্ন এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে এদিন বিকালে জর্মনেক টোটো চালক রাজেশ মন্ডল টোটো নিয়ে ছয়ানি থেকে বারুইপুরের দিকে যাচ্ছিলেন। সেই সময় অপর দিক থেকে আসছিল একটি বাইক। আচমকা দুটি গাড়ির মধ্যে সংঘর্ষ হয়। ঘটনায় গুরুতর জখম হয় টোটো ও বাইক চালক। স্থানীয় পথচারীরা তাদের কে উদ্ধার করে। চিকিৎসার জন্য ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে যায়। সেখানে বাইক চালক সুরজিত মন্ডল কে মৃত বলে ঘোষনা করেন চিকিৎসকরা।

আধুনিক পদ্ধতিতে জমি জরিপের কর্মশালা হাসনাবাদে

সৌরভ দাশ,হাসনাবাদ, ৯ নভেম্বর : উত্তর চব্বিশ পরগনা জেলা ও বসিরহাট মহকুমা ল্যান্ড সার্ভেয়ার ইউনিয়নের তরফে আধুনিক পদ্ধতিতে জমি মাপজোকের পাঠ নিতে বিশেষ কর্মশালায় আয়োজন হাসনাবাদে। হাসনাবাদ বিডিও অফিস সংলগ্ন স্থানে শনিবার এই কর্মশালায় হাজির হন মহকুমার প্রায় পঞ্চাশ জন সার্ভেয়ার। আগামীদিনে আধুনিক যন্ত্রপাতির সাহায্যে সম্পূর্ণ স্যাটেলাইট মাধ্যমে এই মাপজোকের কাজ হবে, তারই প্রস্তুতি হিসাবে সকল আমিন কে এই বিষয়ে পারদর্শী করে তুলতে আগে থেকেই এই কর্মশালায় আয়োজন। কর্মশালা শেষে অল বেঙ্গল ফেল্ডারেশান অফ ল্যান্ড সার্ভেয়ার ইউনিয়ানের সহ সভাপতি ও মহকুমা সার্ভেয়ার ইউনিয়নের সভাপতি আসাদুজ্জামান বলেন তারা আগে যেভাবে মাপজোক হতো আগামীদিনে সেভাবে হবেনা,তাই ই ডিজিটাল পদ্ধতিতে মাপজোকের বিষয়ে আলোচনা চকু আয়োজন করা হয়েছে। জানান ডিজিটাল পদ্ধতির মাধ্যমে বেসরকারী আমিন বন্ধুদের স্বল্পোজগার স্বাবলম্বী করতে ও আগামীদিনে ডিজিটাল পদ্ধতিতে কিতে ছাড়া এয়ার টু এয়ার মাপজোকের কাজ শুরু হওয়ার আগে থেকেই সকলকে এই বিষয়ে অবগত করতে এই উদ্যোগে জানান অল বেঙ্গল ফেল্ডারেশান অফ ল্যান্ড সার্ভেয়ার ইউনিয়ানের সহ সভাপতি ও মহকুমা সার্ভেয়ার ইউনিয়নের সম্পাদক প্রশান্তকুমার সরকার।

যাত্রীদের স্মার্ট কার্ড অনলাইনে রিচার্জ করার সুবিধা প্রদানে ক্যাম্প

কলকাতা, ৯ নভেম্বর : মেট্রো রেলওয়েতে চালু করা বিভিন্ন ডিজিটাল পেমেন্ট পদ্ধতি যাত্রীদের কাছে পরিচিত করার জন্য এবং টিকিটিংয়ে ডিজিটাল নেনদেনের অংশ বাড়ােনোর জন্য, অরাজ ০৮.১১.২০২৫ তারিখে ব্লু লাইন, গ্রিন লাইন এবং ইয়েলো লাইনের সমস্ত স্টেশনে মেট্রো কর্মীদের দ্বারা বিশেষ ক্যাম্পের আয়োজন করা হয়েছিল। এই ক্যাম্পগুলিতে, মেট্রো ব্যবহাককারীদের উন্নত ‘Amar Kolkata Metro’ অ্যাপ, HDFC স্মার্ট গেটওয়ে সহ অতিরিক্ত পেমেন্ট সুবিধা এবং Google Play Store (Android) এবং App Store (iOS) থেকে এটি কীভাবে ডাউনলোড করবেন সে সম্পর্কে সচেতন করা হয়েছিল। মেট্রো কর্মীরা তাদের এটি ব্যবহারের পদ্ধতিও দেখিয়েছিলেন। UPI পেমেন্ট ভিত্তিক টিকিটং সিস্টেমের সাহায্যে মেট্রো যাত্রীদের ASCRM মেশিনের মাধ্যমে টোকেন কিনতে এবং তাদের স্মার্ট কার্ড রিচার্জকিনতেও সহায়তা করা হয়েছিল। তারা ডিজিটাল পদ্ধতিতে স্থানান্তরিত হতে এবং টোকেন, মোবাইল ভিত্তিক কিউআর কোড টিকিট, স্মার্ট কার্ড কেনা এবং রিচার্জ করার স্মার্ট উপায় গ্রহণে গভীর আগ্রহ দেখিয়েছে। তারা দৃঢ়ত খুশি কারণ এই ডিজিটাল পদ্ধতি তাদের মূল্যবান সময় বাঁচাতে সাহায্য করছে কারণ তাদের রিচার্জ বা স্মার্ট কার্ড বা টিকিট কেনার জন্য বুকিং কাউন্টারের সামনে দীর্ঘ লাইনে দাঁড়াতে হচ্ছে না।

নবদ্বীপ পুরসভার উদ্যোগে আয়োজিত হল নবম বর্ষ রাস কার্নিভাল

দেবাশিস কংশবণিক, নবদ্বীপ, ৯ নভেম্বর : নবদ্বীপের ঐতিহ্যবাহী ও বৈচিত্রময় রাসযাত্রা উৎসবে সর্বপ্রথম দুর্দিন ব্যাপী আড়ং বা শোভাযাত্রা শেষ হতে না হতেই পুরসভার উদ্যোগে অনুষ্ঠিত হয় নবম বর্ষ রাস কার্নিভাল। শহরের ব্যস্ততম এলাকা পোড়ামাঠা মােড়ে শ্রী শ্রী সৌদার মহাপ্রভুর প্রতিকর্মে মালদান ও ফিতে কেটে আনুষ্ঠানিক সূচনা করেন বিধায়ক পুন্ড্রীকাক্ষ সাহা। রাস কার্নিভালের সূচনাকালে বিধায়ক ছাড়াও উপস্থিত ছিলেন, অন্যতম উদ্যোক্তা পূরপিতা বিমান কৃষ্ণ সাহা,ব্লক সমষ্টি উন্নয়ন আঞ্চিকারিক মনীশ নন্দী,উপ-পূরপিতা শচীন্দ্র বসাক,নবদ্বীপ পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি তাপস ঘোষ,নবদ্বীপ সৌড়ীয় বৈষ্ণব সমাজের কার্যকরী সভাপতি সুদীন গোস্বামী,প্রেম গোপাল গোস্বামী, কৃষ্ণেন্দু চক্রবর্তী,বিশিষ্ট কবি সাহিত্যিক জনাব সিরাজুল ইসলাম সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ,এদিন পুরসভা পরিচালিত নবম বর্ষ রাস কার্নিভালে ঘোষপাড়া পঞ্চদশ পল্লী পরিচালিত শ্রী শ্রী গঙ্গা মাতা পুজো কমিটি সহ মোট ১৫ টি ক্লাব বা বারোয়ারী পরিচালিত বিভিন্ন দেব-দেবীর প্রতিমা নিয়ে রাস কার্নিভালে অংশ নেয়। কার্নিভালে উপস্থিত হাজার হাজার দর্শকদের সামনে নিজেদের শ্রেষ্ঠত্ব তুলে ধরতে রাজ্য সরকারের সরকারি জনমুখী প্রকল্প সহ বিভিন্নভাবে ট্যাবলো সাজিয়ে উপস্থিত দর্শকদের সামনে তুলে ধরেন কার্নিভালে অংশ নেওয়া ১৫ টি রাস বারোয়ারি কমিটি। এদিন রাস কার্নিভালে অংশগ্রহণকারীদের মধ্যে অন্যতম শ্রেষ্ঠত্বের দাবিদার ঘোষপাড়া পঞ্চদশপল্লী গঙ্গা মাতা পুজো কমিটি বিগত বছরের ন্যায় এ বছরও দর্শকদের চমক দিতে দৃষ্টিনন্দন বিভিন্ন ট্যাবলোর পাশাপাশি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতীকী হাতে দেশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প তুলে ধরেন। এছাড়াও একশো জনেরও বেশি মৃত্যুা সম্প্রদায়ের মানুষ আনুষ্ঠানিক পঞ্চদশপল্লীর কার্নিভালে অংশ নেন। অংশ নেওয়া মৃত্যুাদের হাতে এসআইআর সংক্রান্ত প্ল্যাকার্ড দেখা যায়। প্ল্যাকার্ডে ছিল আমরা ভারতীয়,ভারতেই থাকতে চাই। পাশাপাশি জমকালো আলোকসজ্জা ও দৃষ্টিনন্দন নৃত্য এবং সদুর কেরল রাজ্যের বাদ্যযন্ত্র দর্শকদের সামনে তুলে ধরা হয়। এদিন ঘোষপাড়া পঞ্চদশপল্লী ছাড়াও অংশগ্রহণকারী অন্যান্য ১৪ টি ক্লাব বা বারোয়ারী নিজেদের শ্রেষ্ঠত্ব তুলে ধরতে জান্ত্যুবা ট্যাবলো সহ বিভিন্ন দর্শনশী দর্শনাধীদেের সামনে তুলে ধরেন। অপরদিকে রাস কার্নিভালে অংশ নেওয়া ১৫ টি ক্লাব বা বারোয়ারী তাদের প্রদর্শনী কতটা দর্শনাধীদের কাছে গ্রহযোগ্য হল তা বিচার করেতে পুরসভার পক্ষ থেকে ৫ টি ক্যাম্পে বিচারকদের রাখা হয়। সেখানে ২০২৫ রাস কার্নিভালে প্রথম,দ্বিতীয়ও তৃতীয় স্থান লাভ করা বারোয়ারীদের পুরসভার তরফে পুরস্কৃত করা হবে ২০২৬ সালে।

কালনার রাস্তায় যত্রতত্র ছড়িয়ে এনুমারেশন ফর্ম -সংগ্রহ করতে গিয়ে আটক বিজেপি বিএলএ!

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান,৯ নভেম্বর : কালনার হাট কালনা পঞ্চায়েতের উত্তর গোয়ারা এলাকার মণ্ডলপাড়া লাগোয়া রাজ্য সড়কে সাতসকালে তীব্র চাঞ্চল্য। রাস্তা থেকে উদ্ধার হয়েছে মোট ২৭টি এনুমারেশন ফর্ম। স্থানীয় সূত্রে খবর, রাস্তায় বেশ কিছু কাগজ পড়েছিল। বিজেপির বিএলএ কাশীনাথ মণ্ডল সেই কাগজগুলি দেখে কুড়িয়ে নেন। কয়েকজন স্থানীয় বাসিন্দা তাকে ওই কাগজ কুড়াতে দেখে জিজ্ঞাসা করেন, সেগুলি কীসের কাগজ? জানা যায়, সেগুলি দক্ষিণ দিনাজপুরের জগন্নাথবাটি এলাকার এনুমারেশন ফর্ম। এরপরের স্থানীয় বাসিন্দারা সেই ফর্ম তাকে পুলিশের কাছে জমা দিতে বেলো। রাস্তায় এনুমারেশন ফর্ম উদ্ধার হওয়ার খবর পেয়ে কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছয় কালনা থানার পুলিশ। এনুমারেশন ফর্মগুলি উদ্ধার করে বিজেপির বিএলএ কাশীনাথ মণ্ডলকে থানায় নিয়ে যাওয়া হয়। বিজেপির বিএলএ পুলিশকে জানান, তিনি রাস্তা দিয়ে যাওয়ার সময় ফর্মগুলি দেখতে পান, প্রশাসনকে জমা দেবেন বলে সেগুলি তুলে নিয়েছিলেন। ঘটনাকে খিরে ইতিমধ্যেই রাজনৈতিক তরঙ্গ স্ফুর হয়েছে। তৃণমূলের জেলা INTUC পুলিসের সন্দীপ বসুর প্রতিক্রিয়া,

২০০২ সালের তালিকায় নাম নেই, এসআইআর আতঙ্কে কালনার প্রৌঢ় হৃদরোগে আক্রান্ত!

নিজস্ব সংবাদদাতা, কালনা,৯ নভেম্বর : এসআইআর-এর আবেহে রাজো একের পর এক মৃত্যুর অভিযোগ উঠতে থাকায় শুরু হয়েছে তীব্র রাজনৈতিক বিতর্ক। এই পরিস্থিতিতেই অসুস্থ হয়ে পড়েছেন কালনার বাসিন্দা ক্ষিতীশ শর্মা। পরিবারের অভিযোগ, এসআইআর প্রক্রিয়া ঘোষণার পর থেকেই তিনি আতঙ্কে ছিলেন এবং মানসিক চাপের কারণে হৃদরোগে আক্রান্ত হয়ে গাড়ি চালাবেন সময় অসুস্থ হয়ে পড়েন। বর্তমানে বাড়িতে শয্যাশায়ী অবস্থায় রয়েছেন ক্ষিতীশ শর্মা। নুন আনতে পাঠা ফুরানো পরিবারের একমাত্র রেজকগেরে তিনি ছিলেন, তাই পরিবার চরম সমস্যায় পড়েছে। সরকারি সাহায্যের জন্য শনিবার তারা ব্লক প্রশাসনের দারস্থ হন। ইতিমধ্যেই পরিবারের পাশে দাঁড়িয়েছেন পুরকর্তাৱা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরে কালনার মহাপ্রভু পাড়া এলাকায় ভাড়া বাড়িতে থাকেন ক্ষিতীশ শর্মা। পেশায় গাড়িচালক। তাঁর উপরে নির্ভর করে চলে দুই মেয়ে, স্ত্রী। পরিবারে রয়েছেন আরও কয়েকজন

২০০২-এর তালিকায় নাম থাকা সত্ত্বেও কমিশনের পোর্টালে নাম উধাও, দুর্গাপুরে আতঙ্কিত ২৯১ ভোটার!

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর,৯ নভেম্বর : ২০০২ সালের ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও কমিশনের পোর্টালে অদেকের নাম উধাও। এদিকে, এসআইআর আতঙ্কে রাজ্যের একাধিক বাসিন্দার মৃত্যুর অভিযোগ উঠেছে। এই পরিস্থিতিতে বিপাকে পড়েছেন দুর্গাপুর পূর্ব বিধানসভার ৪১ জন ভোটার। জানা গেছে, এই বিধানসভার ২৯১ জনের নাম ২০০২ সালের ভোটার তালিকায় নেই। রাজ্যের মন্ত্রী প্রদীপ মজুমদার অভিযোগ করেছেন, ভোটারদের নাম ঘোর চক্রান্তের মাধ্যমে বাদ দেওয়া হচ্ছে এবং তিনি নির্বাচন কমিশনকে নিশানা করছেন। এসআইআর খিরে তোলাপাড় রাজ্য রাজনীতি। রাজ্যের বিভিন্ন প্রান্তে ‘ ‘ চেষ্টার’ মতো গুরুতর অভিযোগ উঠছে। রাজ্যজুড়ে প্রতিবাদে মনোছে শাক দল তৃণমূল কংগ্রেস। তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এসআইআরের প্রতিবাদেদের কলকাতার রাজপথে মিছিলও করবেন। দুর্গাপুর পূর্ব বিধানসভা এলাকাত্বেও নাম নেই ২৯১ জনের। নতুন করে আটকদের সৃষ্টি হয়েছে দুর্গাপুর পূর্ব বিধানসভার ভারতী

সদস্য। একদিকে মেয়েদের পড়াশোনার খরচ অন্যদিকে সংসার চালানো সবটাই একছাতেই সামলাতে ক্ষিতীশবাবু। পরিবারের



দাবি, ২০০২ সালের ভোটের তালিকায় ক্ষিতীশবাবুর নাম নেই। তাঁর বাবা-মা ছোটবেলায়, মারা যাওয়া় তাদেরও নাম পাচ্ছেন না। যা নিয়ে ক্রমশ বাড়তে থাকে আতঙ্ক, মানসিক চাপ! এই পরিস্থিতিতে গত ২৯ শে অক্টোবর গাড়ি চালানো অবস্থায় হৃদরোগে আক্রান্ত হন ক্ষিতীশ শর্মা। তড়িঘড়ি

চাপে পড়ে আমাদের কর্মীকে আটক করেছে। আমরা তার তীব্র প্রতিবাদ জানাই।



প্রশাসনের প্রাথমিক তদন্তে জানা গেছে, উত্তর দিনাজপুর প্রশাসনের পক্ষ থেকে কলকাতা থেকে বালুরঘাট যাওয়ার পথে কিছু এনুমারেশন ফর্ম দূর্ঘটনাবশত রাস্তায় পড়ে গিয়েছিল। পুলিশ ঘটনার তদন্ত চালাচ্ছে। কালনার এসডিপিও রাকেশ কুমার চৌধুরী জানিয়েছেন, এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে একজনকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে আসা হয়েছে এবং কীভাবে ফর্মগুলি রাস্তার ধারে এল তা যাচাই করা হচ্ছে।

এসআইআর-র আবহে বাংলাদেশ পাঠানোর হুমকি,মোট টাকার তোলাবাজি!

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ৯ নভেম্বর : টাকা না দিলে ভোটার তালিকা থেকে নাম কেটে দেওয়ার হুমকি দিয়ে এক কাঠ ব্যবসায়ী ও তার কর্মচারীর কাছ থেকে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠল বিজেপি সমর্থিত এক ইউটিউবারের বিরুদ্ধে। পরে প্রেগ্ধারির ভয়ে অভিযুক্ত ব্যক্তি ওই টাকা ফেরত দিয়েছেন। এসআইআরের আবহে, ঘটনাটি ঘটেছে হুগলির কোমর্গরে,টাকা না দিলে ভোটার তালিকা থেকে নাম কেটে নেওয়ার হুমকি দিয়ে এক কাঠ ব্যবসায়ী ও তার কর্মচারীর কাছ থেকে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠল বিজেপি সমর্থিত এক ইউটিউবারের বিরুদ্ধে। পরে প্রেগ্ধারির ভয়ে অভিযুক্ত ব্যক্তি ওই টাকা ফেরত দিয়েছেন। এসআইআরের আবহে, ঘটনাটি ঘটেছে হুগলির কোমর্গরে। হুগলির রিঘড়া এলাকায় কাঠের ব্যবসা করেন স্থানীয় বাসিগদা। বছর দুয়ের আগে কাজের প্রয়োজনে এক যুবককে দোকানে রাখেন ব্যবসায়ী। সেই কর্মচারী যুবককে বাংলাদেশি বলে দাবিগে তার থেকে এক ইউটিউবার ৪০ হাজার টাকা চান বলে অভিযোগ উঠেছে। সূত্র মারফত খবর, এই অভিযুক্ত ইউটিউবার বিজেপি আইটি সেলের ঘনিষ্ঠ। পরে ১৫ হাজার টাকা নেন বলে অভিযোগ। কানাইপুর পুলিশ ফাঁড়িতে অভিযোগ জানাতে যান প্রতারিতা। তবে পরে অভিযুক্ত ব্যক্তি টাকা ফেরত দিয়েছেন বলে জানিয়েছেন তিনি। পুলিশ জানিয়েছে কোনও অভিযোগ দায়ের হয়নি। একই সঙ্গে অভিযোগ উঠছে ওই ব্যক্তির কাঠের দোকানে এক বাংলাদেশি যুবক কাজ করতেন। ঘটনার পর থেকে যুবকের খোঁজ পাওয়া যাচ্ছে না। এই যুযোগকেই হাতিয়ার করে ইউটিউবার টাকা হাতিয়েছিলেন বলে অভিযোগ। তবে অভিযোগ অস্বীকার করেছেন দোকান মালিক। তিনি বলেন, কোনও বাংলাদেশি ছেলে আমার কাছে থাকত না। ছেলোট আমাকে বলেছিল ওঁর বাড়ি বারাসতে। ওকে এখন খুঁজে পাওয়া যাচ্ছে না। পুলিশকে বিষয়টি জানিয়েছি। থানা খতিয়ে দেখছে। তৃণমূলের এক স্থানীয় নেতা বলেন, মোবাইল নিয়ে যে কেউ চলে আসছে। সাংবাদিক বলে পরিসর দিয়ে ভয় দেখাচ্ছে। তোলাবাজি করছে। এদের বিরুদ্ধে প্রশাসন ব্যবস্থা নিক।

কার্ড ও কিউআর কোডে লেনদেন বাড়ায় নগদ কম,পকেটমারদের কামাই কম, প্রেগ্ধার ৩৫ !

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ৯ নভেম্বর : একটি ১০ টাকার জলের বোতল কিনতেও অনেকেই অনলাইনে পেমেণ্ট করছেন। নগদ সঙ্গে রাখার প্রয়োজন পড়ছে না। শহর তো বটেই, এখন গ্রামেও দোকানদোকানে কিউআর কোড দেখা যাচ্ছে। ফলে পকেটমাররা মহাফাঁপে পড়েছেন-মানবি্যাগ থেকে ৫০ বা ১০০ টাকার বেশি হাত লাগানো সম্ভব হচ্ছে না। ফলে পকেটমারদের জীবনে এখন ঘোর অন্ধকার! এই অবস্থায় তাঁরা বড় বড় মেলাকে ‘টাগেট’ করছেন, যেখানে এখনও বিপুল সংখ্যায় নগদে লেনদেন হয়। মানুষ সঙ্গে করে ক্যাশ নিয়ে আসেন। বোল্লা কালীপুজোয় শুধুমাত্র দক্ষিণ দিনাজপুর জেলা নয়, গোটা উত্তরবঙ্গ থেকে মানুষ আসেন। পুজো উপলক্ষ্যে বসে মেলা। তিল ধারণের জায়গা থাকে না। এ বারও তার ব্যতিক্রম হয়নি।

বরং ভিড উত্তরোত্তর বাড়ছে। আর এই সুযোগে বোল্লায় ঢুকে পড়েছে ভিন রাজ্যের পকেটমারদের ‘গ্যাং’। রীতিমতো দল বেঁধে প্ল্যান ছকে ‘এরিয়া’ ভাগ করে পকেট কাটতে শুরু করেছেন তাঁরা। শুক্রবার সন্ধ্যা থেকে শনিবার খবর লেখা পর্যন্ত এমন ৩৫ জন পকেটমারকে প্রেগ্ধার করেছে পুলিশ। তাপূর্ণপূর্ণ বিষয়, এদের মধ্যে ২২ জন মহিলা। রয়েছে শিশুও। ধৃতদের শনিবার বালুরঘাট জেলা আদালতে পেশ করা হয়। ধৃতদের কাছ থেকে এখনও পর্যন্ত

এদের মধ্যে ২২ জন মহিলা। রয়েছে শিশুও। ধৃতদের শনিবার বালুরঘাট জেলা আদালতে পেশ করা হয়।

ধৃতদের কাছ থেকে এখনও পর্যন্ত



নগদ ৪৫ হাজার টাকা এবং সোনার গয়না উদ্ধার হয়েছে। বোল্লাপুজোয় পকেটমারি আগেও হতো। বিশেষ করে বাংলাদুশ থেকে বহু লোক আসতেন শুধুমাত্র হাত সাফইয়ের উদ্দেশ্যে। ফি বছরে বাংলাদেশি পকেটমার ধরা পড়ার ঘটনা জলভাত ছিল। কিন্তু এ বারে এখনও পর্যন্ত কোনও বাংলাদেশি ধরা পড়েননি বলে জানিয়েছে পুলিশ। বরং পড়শি রাজ্য বিহার থেকেই গ্যাং ঢুকেছে বলে মনে করা হচ্ছে। যাঁরা প্রেগ্ধার হয়েছেন, তাঁদের মধ্যে বেশিরভাগই

বেড়াচ্ছে, সেটা নিয়েও পুলিশ কোনও ধারণায় পৌঁছতে পারেনি। তবে নজরদারিতে কোনও খামতি থাকছে না। মগ্ধির চত্বরে পকেটমারি রুপতে পুলিশের বিশেষ টিম রয়েছে। এই টিম মূলত পকেটমার ধরতে পারদর্শী। দলের সদস্যদের বিশেষ ভাবে প্রশিক্ষণও দেওয়া হয়েছে। দলটিই পকেটমারদের ধরেছে। ডিএসপি (সদর) বিক্রম প্রসাদ জানিয়েছেন, গোটা এলাকায় প্রায় ২ হাজার পুলিশকর্মী মোতায়েন করা হয়েছে।

হাইকোর্টের নির্দেশে ডান্সিং গ্রাউন্ড সরাতে হবে, প্রতিবাদে এলাকা বন্ধ!

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ৯ নভেম্বর : জনবহুল এলাকায় ডান্সিং গ্রাউন্ডের বিরুদ্ধে মানববন্ধন এবং স্মারকলিপি প্রদানের পরও জলপাইগুি়া পুরসভা ব্যক্তিগত মালিকানাধীন জমিতে বর্জ্য ফেলা বন্ধ করেনি। বরং তারা ওঁ্ড এলাকা খিরে মোটিস বোর্ডও বুলিয়ে দিয়েছে। এলাকাবাসীর প্রতিবাদ ছাপা হয় কাগজের পাতায়। শুক্রবার কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্ের বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য পরিস্কার জানিয়েছেন, কোনও অবস্থায় ব্যক্তিগত জমিতে ডান্সিং গ্রাউন্ড করতে পারবে না পুরসভা। সেই সঙ্গে সীমানা প্রাচীর এবং পরিকাঠামো উন্নয়নের জন্য যে বোর্ড লাগানো হয়েছিল, সেটাও খুলে ফেলতে হবে। পূরপ্রধান পরিষদের সদস্য কাউন্সিলার সন্দীপ মাহাতাও এ দিন বলেন, ‘ওই



এলাকায় থাকা খাসজমিতে এ বার ডান্সিং গ্রাউন্ড করবে পুরসভা।’ পুরসভার এগজিকিউটিভ অফিসার দেবদুলাল পাত্র বলেন, ‘আবর্জনা কোন জায়গায় ফেলা হবে, আলোচনার জন্য সোমবার মশা-মাছির উপাত্ত ও দুর্গন্ধের কারণে পুরসভার এই কাজে প্রতিবাদ করেন স্থানীয়রা। তখনপুর কর্তৃপক্ষ জানান, কিছু দিনের জন্য ওই জমি ব্যবহার করা হবে।

কোচবিহারে এসে আক্রান্ত বিজেপি কর্মীদের সঙ্গে কথা বললেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব

শিল্পী দত্ত কোচবিহার ৯ নভেম্বর : উত্তরবঙ্গ সফরে রয়েছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। অন্যদিকে রবিবার কোচবিহারে এলেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সংসদ বিপ্লব কুমার দেব। রবিবার সকালে কোচবিহারের প্রান্তরে তাঁরু মদন বাড়িতে পুজো দিয়েই তিনি জেলা কার্যালয় বিশেষ সন্মেলন করেন। দীর্ঘদিন বাদে আবার প্রাক্তন মুখ্যমন্ত্রীর সাথে দেখতে পাওয়া গেল প্রাক্তন দেশের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিককে। প্রাক্তন মুখ্যমন্ত্রীর কোচবিহারে আসাকে কেন্দ্র করে প্রচুর মনোমর্থক ভিড জমিয়েছিল কোচবিহার বিজেপি সদর কার্যালয়ে। বৈঠকের পাশাপাশি বিপ্লব দেব কথা বলেন দলের যেসব কর্মীরা তৃণমূলের কংগ্রেসের হাতে আক্রান্ত হয়েছেন তাদের সঙ্গে। কয়েকদিন আগে মাথাভাঙ্গায় এসআইআর এর কাজ করছে গিয়ে তৃণমূল কংগ্রেসের কর্মীদের হাতে আক্রান্ত হয়েছিল বিজেপির ক্লাক২ নিবাস দাস। রবিবার নিবাস দাসের সঙ্গে কথা বলেন বিপ্লব দেব।

বেলডাঙায় উদ্ধার আগ্নেয়াস্ত্র, ধৃত এক

মুর্শিদাবাদ, ৯ নভেম্বর (হি.স.)ঃ গোপন সূত্রে খবর পেয়ে ৪টি আগ্নেয়াস্ত্র ও ৪টি কার্তুজ উদ্ধার করল মুর্শিদাবাদের বেলডাঙা থানার পুলিশ। এই ঘটনায় কাজল শেখ নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতের বাড়ি বেলডাঙা থানার জালালপুর গ্রামে। প্রাথমিক ভাবে জানা গিয়েছে, কারবারের জন্য এই আগ্নেয়াস্ত্র সে জমা করে রেখেছিল। শনিবার রাতে ধৃতের বাড়ি বেলডাঙায় উদ্ধার আগ্নেয়াস্ত্র, ধৃত এক থেকে এগুলি উদ্ধার হয়।

উল্লেখ্য, এর আগে চলতি বছরের জুলাই ও আগস্ট মাসে মুর্শিদাবাদ জেলার পুলিশ লাগাতার অভিযান চালিয়ে বিভিন্ন থানা এলাকা থেকে উদ্ধার করে ১৬৫টি আগ্নেয়াস্ত্র ও ৪৮০টি কার্তুজ। বিভিন্ন রকম অসামাজিক কাজকর্ম করার উদ্দেশ্যে মুষের থেকে এই আগ্নেয়াস্ত্র নিয়ে আসা হচ্ছিল বলে জানা গিয়েছিল সে সময়।

হাজার গোলের পথে আরও এগিয়ে গেলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো

রিবাদ, ৯ নভেম্বর(হি.স.): নতুন ইতিহাস গড়ার পথে দ্রুত এগিয়ে যাচ্ছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। সৌদি আরবের ক্লাব আল নাসরের হয়ে প্রত্যেক ম্যাচে গোল করেই যাচ্ছেন তিনি। শনিবার নিয়োগ এসপির বিপক্ষে করলেন কেরিয়ারের ৯৫৩তম গোল। হাজার গোলের পথে তিনি এগিয়ে গেলেন আরও এক ধাপ। কিং খালিদ স্পোর্টস সিটি স্টেডিয়ামে অনুষ্ঠিত সৌদি প্রো লিগের ম্যাচে আল নাসর ৩-১ গোলে জয়লাভ করে। বিরতির পর পেনাল্টি থেকে গোল করেন পর্তুগিজ মহাতারকা। সৌদি লিগে ৮৫ ম্যাচ খেলা রোনাল্ডোর এটা শততম গোল অবদান। ফুটবল ইতিহাসে এখনও পর্যন্ত কোনও খেলোয়াড় প্রতিযোগিতামূলক ম্যাচে ১০০০ গোল করতে পারেননি। পেলে ও রোমারিও করেছিলেন,কিন্তু সেটা ছিল প্রীতি ম্যাচসহ। অথচ রোনাল্ডো যা করছেন, তা সম্পূর্ণ অফিসিয়াল প্রতিযোগিতায়। ৯৫৩ গোল করতে পেরেছেন ১২৯৫ ম্যাচ।

রেকর্ড গড়েও নিউ জিল্যান্ডের কাছে হেরে গেল উইন্ডিজ

নেলসন, ৯ নভেম্বর(হি.স.): টেস্ট খেলুড়ে কোনও দলের টি-২০ তে নবম উইকেটে সর্বোচ্চ রানের জুটি গড়েও জিততে পারল না ওয়েস্ট ইন্ডিজ। নেলসনে অনুষ্ঠিত তৃতীয় টি-টি-২০ তে ক্যারিবিয়ানদের ৯ রানে হারিয়েছে নিউ জিল্যান্ড। এতে পাঁচ ম্যাচ সিরিজে কিউইরা ২-১ ব্যবধানে এগিয়ে গেল। টস হেরে আগে ব্যাট করতে নেমে ৯ উইকেটে ১৭৭ রান তোলে নিউ জিল্যান্ড। ওপেনার ডেভন কনওয়ে ৫৬ ও ড্যারি মিচেল ৪১ রান করেন। আর ছয় ব্যাটার দুই অংকে যেতে পারেননি। ক্যারিবিয়ানদের হয়ে ২টি করে উইকেট নেন মাথু ফোর্ড এবং জেসন হোল্ডার। রান ত্যাগ করতে নেমে ১৩ রানে প্রথম উইকেট হারায় উইন্ডিজ। এরপর তারা নিম্নমিত উইকেট হারাতে থাকে। প্রথম সাত ব্যাটারের ৫ জন দুই অংকে যেতে পারেননি। শেফার্ড ও স্প্রিন্গার নবম উইকেট জুটিতে যোগ করেন ৭৮ রান, যাতে শেফার্ডের অবদান ৩৪ বলে ৪৯ এবং স্প্রিন্গার করেন ২০ বলে ৩৯ রান। তারা আউট হয়ে গেলে আর রানের হিসাব মেলাতে পারেননি বাকিরা। ৩টি করে উইকেট নেন জ্যাকব ডাকি এবং ইশ সোধি।

জোড়া গোল ও অ্যাসিটের ম্যাচে মেসির রেকর্ড, মায়ামি সেমিফাইনালে

ফ্লোরিডা, ৯ নভেম্বর(হি.স.): প্রথম রাউন্ডের শেষ ম্যাচে নাশভিলকে ৪-০ গোলে হারানোর ম্যাচে মেসি জোড়া গোল ও অ্যাসিস্ট করেছেন। এই জয়ে মায়ামি প্রথমবারের মতো একএলএসের প্লে-অফের সেমিফাইনালে উঠেছে। গত মরসুমে প্রথম রাউন্ড থেকে বাদ পড়েছিল মায়ামি, আর ২০২৩ মরসুমে প্লে-অফে উঠতে পারেনি তারা। সেমিফাইনালে মায়ামি খেলবে একসি সিনসিনাটির বিপক্ষে। ২২ কিংবা ২৩ নভেম্বর ওই ম্যাচটি হবে। ইস্টার্ন কনফারেন্সের আরেক সেমিফাইনালে মুখোমুখি হবে ক্লিভল্যান্ডফিফা ইউনিয়ন ও নিউইর্ক সিটি। শেষ গোলে অ্যাসিস্ট দিয়ে মেসি ব্যক্তিগত একটি রেকর্ড গাছেন। পেশাদার কেরিয়ারে ৪০০ অ্যাসিস্টের মাইলফলকে পৌঁছলেন তিনি। একটিভ খেলোয়াড়দের মধ্যে তার চেয়ে বেশি আর কারো অ্যাসিস্ট নেই। সর্বোচ্চ ৪০৪ অ্যাসিস্ট নিয়ে শীর্ষে রিয়াল মাদ্রিদের প্রয়াত ফুটবলার ফেরেন্স পুসকাস। সে হিসাবে বিশ্বরেকর্ড গাতে মেসির দরকার আর ৫ অ্যাসিস্ট।


পরপর ৮ ছক্কা! দ্রুততম হাফসেঞ্চুরি তরুণ তুর্কির

বিশেষ প্রতিবেদক, ৯ নভেম্বর : পরপর আট বলেই ছক্কা! রনজি ট্রফিতে নতুন রেকর্ড গােলে মেঘালয়ের ব্যাটার আকাশ কুমার চৌধুরি। প্রথম শ্রেণির ক্রিকেটে দ্রুততম হাফসেঞ্চুরি হাঁকানো এই ব্যাটার। তাঁর দুরন্ত ক্যামিও ইনিংসে ভর করে ৬২৮ রানের পাহাড় গড়েছে মেঘালয়। অরুণাচল প্রদেশের বিরুদ্ধে খেলতে নেমেছেন আকাশরা। অরুণাচলের বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমে মেঘালয়ের একাধিক ব্যাটার বড় রান পেয়েছেন। ২০৪ রান করেন অর্পিত ভাটেওয়াড়া। মেঘালয়ের অধিনায়ক কিশান লিংডোর ব্যাটে আসে ১১৯ রান। সেঞ্চুরি করেন আরেক ব্যাটার রাহুল দালালও। শেষ পর্যন্ত ১৪৪ রান করেন তিনি। সবমিলিয়ে বড় রানের পথেই এগোচ্ছিল মেঘালয়। আকাশের প্রাণের সেই রানটা সাড়ে ছ’শোর কাছে গিয়ে থামে। আট নম্বরে ব্যাট করতে নেমে প্রথম তিন বলে দু’টি সিঙ্গলস নেন আকাশ। তারপর ১২৬ তম ওভারে বল করতে আসেন অরুণাচলের স্পিননার লিমার দাবি।

ঘরের মাঠে প্রথমবার দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজ জিতলো পাকিস্তান

ফয়সালাবাদ, ৯ নভেম্বর (হি.স.): লুয়ান-ড্রে প্রিটেরিয়াস ও কুইট্টন ডি ককের ব্যাটে ভালো শুরু করেছিল দক্ষিণ আফ্রিকা। কিন্তু ডি কক ফিরতেই ধস নামে প্রোটিয়াদের ব্যাটিং অর্ডারে। শাহীন শাহ আফ্রিদি, আব্বার আহমেদ ও সালমান আলী আগার বোলিংয়ে ১৪৩ রানেই গুটিয়ে যায় সফরকারীরা। পাকিস্তানের হয়ে ৪ উইকেট নিয়েছেন আব্বার। ২টি করে উইকেট শিকার করেছেন সালমানও শাহীন আফ্রিদি। সহজ লক্ষ্য ত্যাগ করতে নেমে প্রথমে ফখর জামান দ্রুত ফিরলেও সাইম আইয়ুবের দুর্দান্ত(৭৭) ব্যাটিংয়ে ৭ উইকেটের জয় পায় পাকিস্তান। শেষ ম্যাচ জিতে সিরিজও নিজেদের করে নেয় স্বাগতিকরা। নিজেদের ইতিহাসে এবারই প্রথমবার ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে প্রথমবার ওয়ানডে সিরিজ পাকিস্তান ২-১ জিতল। ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন আব্বার আহমেদ ও ম্যান অব দ্য সিরিজ হয়েছেন দক্ষিণ আফ্রিকার কুইট্টন ডি কক।

গুরুেশ ছটকে গেলেন ফিডে বিশ্বকাপ থেকে, হারের কারণ ব্যাখ্যায় কোচ



বিশেষ প্রতিবেদক, ৯ নভেম্বর : আশা জাগিয়েও শেষ পর্যন্ত হেরে গেলেন ডি গুরুেশ। গত বছর সর্বকনিষ্ঠ দাবাী হিসাবে বিশ্বচ্যাম্পিয়ন হয়েছিলেন তিনি। তাই তাঁর উপর দেশের প্রত্যাশা ছিল। তবে সেই প্রত্যাশাপূরণে ব্যর্থ

হয়ে গোয়ায় আয়োজিত ফিডে বিশ্বকাপ থেকে ছটকে গেলেন গুরুেশ।জার্মানির ফ্রেডেরিক সোভেনের কাছে তৃতীয় রাউন্ডে হেরে গেলেন গুরুেশ। বিশ্বের ৯ নম্বর ভারতীয় গ্র্যান্ডমাস্টারের অপ্রত্যাশিত হারে স্বভাবতই মন খারাপ হবে দেশবাসীরা। দুর্নীতমন্ডের অন্যতম ফেভারিট হিসাবে শুরু করেছিলেন। কিন্তু শুরুতেই বিশ্বকাপ থেকে ছটকে গেলেন ১৯ বছর বয়সি এই দাবাড়ুপ্রথম গোমে ২১ বছর বয়সি জার্মান গ্র্যান্ডমাস্টারের বিরুদ্ধে ড্র করেন গুরুেশ। একই দিনে দ্বিতীয় ক্লাসিক্যাল গোমে ১.৫-০.৫ ব্যবধানে হেরে যান তিনি। গত সেপ্টেম্বরে ফিডে গ্র্যান্ড সুইসে তিনি হেরে গিয়েছিলেন ১৬ বছরের অভিমন্যু মিশ্রর কাছে। আর এবার তিনি ফিডে বিশ্বকাপেও হেরে গেলেন।আবারবার কেন এমন ব্যর্থতা? এর জন্য কি দায়ী ক্লাস্টি? গুরুেশের কোচ প্রেজের্গর্জ গায়েডস্কি বলছেন, এটা ট্রানজিশনাল ফেজ। কেউ লক্ষ্য অর্জনের চেষ্টা করতে করতে সেই লক্ষ্য কখনও না কখনও ছুঁয়ে ফেলে। সেই সময় কিন্তু শূন্যতা তৈরি হয়। কারণ তখন নতুন করে অনুপ্রেরণা খুঁজে পাওয়া কঠিন হয়ে যায়। গুরুেশ এখন তেমনিই জায়গায় দাড়িয়ে। তিনি নব্বও বলেন, ওর বয়স মাত্র ১৯। কিন্তু প্রতিযোগিতাটা দেখুন। খুবই কঠিন। সেখানে যে ও সব সময় জিততে, সেই প্রত্যাশা করাটাও যুক্তিযুক্ত নয়। গুরুেশ হেরে গেলেও আশা বাঁচিয়ে রেখেছেন রমেশবাবু প্রজ্ঞানন্দ ও অর্জুন এরিগাইসি। এই দুই দাবাড়ুই তৃতীয় রাউন্ডের গণ্ডি টপকে চতুর্থ রাউন্ডে পৌঁছেছেন।

জুরেলের জোড়া সেঞ্চুরিতেও শেষরক্ষা হল না, বেসরকারি টেস্টে হার রাহুলদের

বিশেষ প্রতিবেদক, ৯ নভেম্বর : ধ্রুব জুরেলের জোড়া সেঞ্চুরিতেও শেষরক্ষা হল না। ভারত ‘ দলের দেওয়া বিরাট লক্ষ্য ত্যাগ করে ৫ উইকেটে জয়ী হল দক্ষিণ আফ্রিকা ‘ দল। রান পেলেন না কেএল

প্রসিদ্ধ কৃষ্ণ পান ৬ উইকেট। সিরাজ ও আকাশ দীপ নেন দু’টি করে উইকেট। কুলদীপ যাদবের শিকার ১টা। দ্বিতীয় ইনিংসেও অনবদ্য জুরেল। করেন ১২৭ রানে। এই ইনিংসেও



রাহুল, সাই সুদর্শনরা। বল হাতে সাদামাটা থাকলেন কুলদীপ যাদবও। যা প্রোটামাদের বিরুদ্ধে টেস্ট সিরিজে নামার আগে চিন্তায় রাখবে টিম ইন্ডিয়াকে। দক্ষিণ আফ্রিকা ‘ দলের বিরুদ্ধে দ্বিতীয় বেসরকারি টেস্টে জুরেল দাপুটে ব্যাটিং করলেও রান পেলেন না কেএল রাহুল, সাই সুদর্শনরা। একটা সময় ১২৬ রানে ৭ উইকেট

খুঁজিয়ে বিপদে পাে গিয়েছিল ভারতীয় ‘ দল। রাহুল (১৯), সুদর্শন (১৭), ঋষভ পন্থরা (২৪) ব্যর্থ হন। সেখানে কথা বলেছিল জুরেলের ব্যাট। ১৭৫ বলে অপরাজিত ১৩২ রান করেছিলেন তিনি। ভারত প্রথম ইনিংসে তোলে ২৫৫ রান। জ্বাবে দক্ষিণ আফ্রিকা শেষ হয়ে যায় ২২১ রানে। মূল দল থেকে বাদ পাা

নেমে তৃতীয় দিনের শেষে দক্ষিণ আফ্রিকা ‘ দলের রান ছিল বিনা উইকেটে ২৫। চতুর্থ দিন শুরু থেকেই প্রোটিয়া ওপেনাররা দারুণ ছন্দে ছিলেন। জর্ডান হারমান ৯১ রানে ফেরেন

প্রসিদ্ধ কৃষ্ণর বলে। ততক্ষণে স্কোরবোর্ডে ১৫৬ রান। লেসেগো সেনোকওয়ানে (৭৭) ফেরান দুর্বে। এরপর উইকেটে রীতিমতো জমে যান জ্বাবের হামরা (৭৭) এবং টেম্বা বাভুমা (৫৯)। কনর এন্টারথুইজেন ৫৪ বলে ৫২ রানের মারকাটারি ইনিংস খেলেন। শেষ পর্যন্ত ৫ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় দক্ষিণ আফ্রিকা ‘ দল। প্রসিদ্ধ কৃষ্ণ ৪৯ রানে ২ উইকেট পান। সিরাজ, দুবে এবং আকাশ দীপের শিকার ১টি করে উইকেট। তবে সবচেয়ে মার খেলেন আকাশ দীপ। ওভারপিছু দিলেন ৪.৮১ রান। আরও চিন্তার বিষয় দ্বিতীয় ইনিংসে ১৭ ওভার বল করলেও উইকেটহীন থাকলেন কুলদীপ যাদব।

একাধিক ক্রিকেটারের ভূমিকায় অসম্ভব গম্ভীর! টেস্ট দল নিয়ে কী ভাবছেন টিম ইন্ডিয়ার হেড কোচ

৯ নভেম্বর : আফ্রিকার বিরুদ্ধে টেস্ট সিরিজে নামছে ভারত। শেষবার ভারতের মাটিতে ভারত টেস্ট খেলেছিল ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে। টিম ইন্ডিয়া ইউনে ফের

সেই ম্যাচের কন্ট্রিনেশনে ফিরতে চলেছেন। শোনা যাচ্ছে, ইংল্যান্ড সিরিজের পর থেকে টেস্টে ভালো করলেও দলের একাধিক



ক্রিকেটারের ভূমিকায় অসম্ভব হেডকোচ। তাঁদের বাদ না দেওয়া হলেও পরোক্ষে বার্তা দিতে পারেন গম্ভীরা। আবার এ দলের হয়ে ভালো খেলার পুরস্কার পেতে পারেন ধ্রুব জুরেলা। ঘরোয়া ক্রিকেটে ধারাবাহিক ভাবে রান করছেন ধ্রুব জুরেলা। দক্ষিণ আফ্রিকা ‘ দলের বিরুদ্ধে দ্বিতীয় বেসরকারি টেস্টেও জোা সেঞ্চুরি পেয়েছেন তিনি। শোনা যাচ্ছে, ইউনে টেস্টে জুরেলের দলে থাকা নিশ্চিত। তবে উইকেটরক্ষক হিসাবে না। জুরেল উইকেটের

ফলে টিম বিপদে পড়ে। তাই জুরেলকে নিয়ে পন্থকে বার্তা দিতে চান টিম ইন্ডিয়ার হেডকোচ। এর বাইরে নীতীশ রেভিডর ব্যাটিং নিয়েও বিশেষ সম্ভট নয় দল। সেকারণেই তাকে ইউনে টেস্টে বসানো হতে পারে। তাঁর জায়গাতেই খেলবেন জুরেলা। গম্ভীর মনে করছেন, নীতীশ যা ব্যাট করছেন, তাতে ৬ নম্বরে তাকে খেলানো যাবে না। তাছাড়া ভারতে তাঁর পেস বোলিং বেশ কাজে লাগবে না। সে কারণে তাঁকেও বাদ পড়তে হবে। এছাড়া


দলে এক স্পিনার ও দুই স্পিন বোলিং অলরাউন্ডার খেলবেন। থাকবেন দুই পেসারও। এই সিরিজের কথা মাথায় রেখে রবিবার থেকেই কলকাতা চলে আসছেন জাতীয় দলের একাধিক সদস্য। যার মধ্যে অধিনায়ক স্তমভান গিল ছাড়াও রয়েছেন বুমরাহ, অক্ষর প্যাটেল এবং ওয়াশিংটন সুন্দর। চারজনই বর্তমানে ব্রিসবেনে রয়েছেন টি-টোয়েন্টি সিরিজ খেলার জন্য। শনিবার সিরিজের শেষ ম্যাচ ছিল। সেই ম্যাচ শেষে রবিবার সরাসরি অস্ট্রেলিয়া থেকে কলকাতায় আসছেন গিল সহ চার ক্রিকেটার। সঙ্গে আসছেন জাতীয় কোচ গৌতম গম্ভীরও। অবশ্য শুধু ভারতীয় দল নয়, প্রোটিয়া শিবিরের একটা বড় অংশ কলকাতা চলে আসছে রবিবার সন্ধ্যায়। দু’দলের স্কোয়াডে থাকা একাধিক সদস্য বর্তমানে রয়েছেন বেঙ্গালুরুতে। নিজ নিজ দেশের ‘ দলের হয়ে দ্বিতীয় বেসরকারি টেস্ট খেলছেন ঋষভ পন্থ, তেম্বা বাভুমারা। সেই ম্যাচ শেষে তাঁরা আসবেন।

ভেবেছিলাম অস্ট্রেলিয়া আমাকে ঢুকতেই দেবে না’, বিগ ব্যাশে মন্তব্য জেমাইমার

৯ নভেম্বর : বিশ্বকাপে ৮ ইনিংসে করেছিলেন ২৯২ রান। সেমিফাইনালে অস্ট্রেলিয়ার বিপক্ষে তিনি ১২৭ রানের ইনিংস খেলে রেকর্ড ৩৩৯ রান ত্যাগ করে ভারতকে জিতিয়েছিলেন। এবার সেই জেমাইমা রডরিগেজ বিগ ব্যাশ লিগ বলতে অস্ট্রেলিয়ায়। ভারতকে বিশ্বকাপ জেতানোর অন্যতম কাণ্ডারি নাকি নিশ্চিত ছিলেন না, তাকে অস্ট্রেলিয়ায় ঢুকতে দেওয়া হবে কি না। রবিবার উইমস্লে বিগ ব্যাশ লিগে সিবেরি হিটের হয়ে প্রথম ম্যাচ খেলতে নেমেছিলেন জেমাইমা। তবে রান পেলেন না তিনি। মেলবোর্নে

রানেনগেডসের বিপক্ষে ৯ বলে মাত্র ৬ রান করেন ভারতের এই মিডল অর্ডার ব্যাটার। মাত্র ৪ রানে ওপেনার চার্লি নট আউট হওয়ার পর তিন নম্বরে আসেন জেমাইমা। তবে প্রত্যাশাপূরণে ব্যর্থ হলেন। মাত্র ৬ রানে আউট হয়ে গেলেও যদিও তিনি দ্বিতীয় উইকেটে দক্ষিণ

আফ্রিকান অলরাউন্ডার নাদিন ডি ক্লার্কের সঙ্গে ৩৮ রানের জুটি গড়েন জেমাইমা। উল্লেখ্য, গত মরশুমে ব্রিসবেন হিটের দ্বিতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক ছিলেন তিনি। ১০টি ম্যাচ করেছিলেন ২৬৭ রান। সেই জেমাইমাকে চলতি মরশুমেও ধরে রেখেছে ব্রিসবেন। এক সংবাদমাধ্যমকে ভারতীয় ক্রিকেটার রসিকতার সূত্রে বলেন, সেমিফাইনালের পর অস্ট্রেলিয়া আমাকে সীমান্ত পেরতে দেবে কি না, তা নিয়ে নিশ্চিত ছিলাম না। তাঁর সংযোজন, সঠি কথা বলতে, উষ্ণ অভ্যর্থনা জানানো হয়েছে। মহিলা



ক্রিকেটের বিকাশের জন্য সবাই খুব খুশি। এটা কেবল ভারতেই নয়, গোটা বিশ্বে ক্রিকেটকেই হাতের বদলে দেবে। উল্লেখ্য, মহিলা বিশ্বকাপের ইতিহাসের অন্যতম সেরা হয়ে থাকবে অস্ট্রেলিয়ার সঙ্গে খেলা জেমাইমার ইনিংস। তার সঙ্গে থাকবে জেমাইমার অনন্যদ্য ফিফ্টিং।

৯ নভেম্বর : দক্ষিণ আফ্রিকা সিরিজের আগে দুর্দান্ত ফর্মে ধ্রুব জুরেলা। প্রোটামাদের ‘ দলের বিরুদ্ধে বেসরকারি টেস্টে টানা দুই

ইনিংসেই সেঞ্চুরি করেছেন তিনি। বলা বাহুল্যই যে, এর ফলে টিম ম্যানেজমেন্টের উপর চাপও বেড়েছে। প্রশ্ন হল, প্রথম একাদশে জায়গা পাবেন তিনি? জানা গিয়েছে,



জোড়া শতরানের পুরস্কার পেতে চলেছেন তিনি। বিসিসিআইয়ের এক সূত্র সংবাদ সংস্থাছে জানিয়েছে, জুরেল সম্ভবত একজন বিশেষজ্ঞ ব্যাটার হিসেবে খেলবেন। দু’টো জায়গায় ওকে খেলানো হতে পারে। প্রথমত, তিন নম্বরে সাই সুদর্শনের জায়গায়। কিন্তু শেষ টেস্টে হাফসেঞ্চুরি করেছে সাই। টিম ম্যানেজমেন্ট

দক্ষিণ আফ্রিকা ‘এ দলের বিরুদ্ধে প্রথম ইনিংসে চ্যাপের মুখে সেঞ্চুরি হাকিয়েছিলেন জুরেলা। একটা সময় ১২৬ রানে ৭ উইকেট খুঁজিয়ে বিপদে

পড়ে গিয়েছিল ভারতীয় ‘এ দল। কেএল রাহুল থেকে শুরু করে পন্থ সকলেই ব্যর্থ হন। সেখানে কথা বলেছিল জুরেলের ব্যাট। ১৭৫ বলে অপরাজিত ১৩২ রান করেছিলেন তিনি। দ্বিতীয় ইনিংসেও অনবদ্য জুরেল। করেন ১২৭ রানে। এই ইনিংসেও তাঁকে আউট করা যায়নি।

ধরোনা মরশুমের শুরু থেকেই ছুড়ে রয়েছেন জুরেলা। ব্যাট হাতে তাঁর পরিসংখ্যান ৪০, ১১ ও ৫৩, ১২৫, ৪৪ ও ৬, এবং ১৩২ ও ১২৭। অর্থাৎ শেষ আটটি প্রথম শ্রেণির ইনিংসে তাঁর যা পারফরম্যান্স, তাতে তাঁকে বাদ দেওয়া কঠিন। বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, মরশুমের শুরু থেকে ৫০.৭১ গড়ে

শেষ মুহূর্তের গোলে হার এড়াল ইউনাইটেড



ম্যানচেস্টার, ৯ নভেম্বর(হি.স.): টটেনহ্যামের মাঠে শনিবার রাতে প্রিমিয়ার লিগের ম্যানচেস্টার ইউনাইটেড ও টটেনহ্যামের ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। হারের শঙ্কা এড়িয়ে লিগে টানা পাঁচ ম্যাচ অপরাজিত রইল অ্যামুরির দল। ব্রায়ান এমবুমোর গোলে প্রথমাধে ইউনাইটেড এগিয়ে যায়। শেষ দিকে মাথিয়াস সমতা টানার পর রিশার্লিসনের গোলে এগিয়েও যায় স্বাগতিকরা। তবে শেষ মুহূর্তে ডি লিখটের নেপুগো হতাশা এ্যাতে পারে ইউনাইটেড। সব প্রতিযোগিতা মিলিয়ে টটেনহ্যামের বিপক্ষে আগের চার ম্যাচের প্রতিটিতেই হেরেছিল ইউনাইটেড। এবারও সেই শঙ্কায় পড়েছিল তারা। ১১ রাউন্ডে দুটি দলই পাঁচটি করে ম্যাচ জিতেছে এবং তিনটি করে ড্র করেছে। সমান ১৮ পয়েন্ট নিয়ে টটেনহ্যাম আছে তৃতীয় স্থানে আর ইউনাইটেড সপ্তম স্থানে।

ইংলিশ প্রিমিয়ার লিগঃ রোমাঞ্চকর লড়াইয়ে আর্সেনালের ড্র

লন্ডন, ৯ নভেম্বর(হি.স.): সাভারল্যান্ডের মাঠে শনিবার আর্সেনাল ও সাভারল্যান্ড ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। চলতি মরসুমে এই নিয়ে তৃতীয়বার পয়েন্ট হারাল আর্সেনাল। ড্যানি ব্যালার্ডের গোলে আর্সেনাল পিছিয়ে পড়ার পর সমতা টানেন বুকায়ো সাকা। পরে চমৎকার এক গোলে সফরকারীদের জয়ের সম্ভাবনা জাগান লিয়ান্দ্রো ব্রোসার। তবে শেষ সময়ে সব হিসাব পাল্টে দেন ব্রায়ান ব্রবি। সব প্রতিযোগিতা মিলিয়ে আট ম্যাচ পর গোল হজম করল আর্সেনাল। প্রায় ৬৫ শতাংশ সময় বল দখলে রেখে গোলের জন্য ১৭টি শট নিয়ে সাতটি লক্ষ্যে রাখতে পারে আর্সেনাল। আর সাভারল্যান্ড ছয়টি শট নিয়ে দুটি লক্ষ্যে রাখতে পারে, দুটিতেই গোল করে তারা। ১১ ম্যাচে আট জয় ও দুই ড্রয়ে ২৬ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে আর্সেনাল। এক ম্যাচ কম খেলে ১৯ পয়েন্ট নিয়ে দুইয়ে ম্যানচেস্টার সিটি। সিটির সমান ১৯ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে সাভারল্যান্ড। তারা অবশ্য ১১ ম্যাচ খেলেছে।

বিসিসিআই পাশে থাকুক ফেডারেশনের, মত ইস্টবেঙ্গল কর্তার



৯ নভেম্বর : আইএসএল কবে হবে কেউ জানে না। মোহনবাগান ইতিমধ্যেই জানিয়েছে লিগের তারিখ না জানা পর্যন্ত তারা অনুশীলনে নামছে না। ইস্টবেঙ্গল সুপার কাপের সেমিফাইনাল থাকায় সোমবার থেকে প্র্যাকটিসে শুরু করতে চলেছে। বিড প্রক্রিয়ায় কোনও সংস্থা অংশ না নেওয়ায় আইএসএলের ভবিষ্য অনিশ্চয়তার মধ্যে রয়েছে। এমন পরিস্থিতিতে ইস্টবেঙ্গল শীর্ষকর্তা দেবব্রত সরকার বিশ্বের সব থেকে ধনী ক্রিকেট বোর্ড বিসিসিআই-কে অনুরোধ করলেন ফেডারেশনের পাশে দাঁড়াতো ইস্টবেঙ্গল কর্তা বলেন, ব্যক্তিগতভাবে বিসিসিআই-এর কাছে অনুরোধ করব, এই মুহূর্তে ভারতীয় ফুটবলের যা পরিস্থিতি তাতে পাশে দাড়িয়ে এই প্রতিকূলতা থেকে ফেডারেশনকে টেনে তুলতো। বিসিসিআই যদি আগামী চার-পাঁচ বছর ফুটবল ফেডারেশনকে স্পনসর করে, তাহলে এই সমস্যার সমাধান হয়। আমার মনে হয় ১০০-১৫০ কোটি টাকা তাদের কাছে এমন কিছু বিষয় হবে না। যদি বিসিসিআই এই দায়িত্বটা নিতে পারে তাহলে আমাদের দেশের ফুটবল এগিয়ে যেতে পারে ভালোভাবে। তিনি আরও যোগ করেন, আমরা অনুশীলন বন্ধ করিনি। আমাদের ইনভেস্টর ফুটবলার, কোচের বেতনও বন্ধ করেনি। যতদূর জানি, ১০ নভেম্বর থেকে আমাদের অনুশীলন আবার শুরু হবে। তবে আমি মনে করি আইএসএল হবে। এভাবে ভারতীয় ফুটবল বন্ধ হতে পারে না।

ভারতীয় ফুটবলে ‘স্বচ্ছতা ও পরিকল্পনা’র দাবি ইস্টবেঙ্গলের দুই তারকার

৯ নভেম্বর : আইএসএলের ভবিষ্য অনিশ্চিত। দেশের সেরা লিগ আদৌ হবে কি না, সেই নিয়ে বিরাট প্রশ্নচিহ্ন। কারণ কোনও সংস্থাই আইএসএলের টেন্ডারের জন্য বিড করেনি। আইএসএল নিয়ে এই পরিস্থিতিতে অনির্দিষ্টকালের জন্য অনুশীলন স্বাগিত রেখেছে মোহনবাগান। ভারতীয় ফুটবলের এই দূরবছায় উদ্বিগ্ন ইস্টবেঙ্গলের দুই তারকা ফুটবলার। সোশাল মিডিয়ায় সেই উদ্বেগ উগরে দিলেন সৌভিক চক্রবর্তী ও দেবজিৎ মজুমদার। ইস্টবেঙ্গলের মাঝমাঠের স্তম্ভ সৌভিক ফেসবুকের দীর্ঘ পোস্টে লিখেছেন, ‘ বিডের এই ব্যর্থতা শুধু বাবসায়িক ধাক্কা নয়। আমার মতে, এটা দেখায় যে ভারতীয় ফুটবলকে পরিচরার সমস্যা কত গভীরে রয়েছে। এটা শুধু একটা লিগের বিষয় নয়। যখন দেশের সেরা লিগই অনিশ্চিত, তা দেশের ভূগম্ভ্রান্ত স্তরেও প্রভাব ফেলে। প্রতিটি ক্লাবের সঙ্গে যুক্ত প্লেয়ার, কোচ, সাপোর্ট স্টার ও অসংখ্য ভক্তরা একটা পথ দেখতে চায়। যেখানে কেউ দায়িত্ব নিয়ে ভরসা দেবে।’ তাঁর সংযোজন, ‘ এখন স্বচ্ছতা, পরিকল্পনা ও একতা দরকার। যারা এই খেলার সঙ্গে মাঠে বা মাঠের বাইরে যুক্ত, তারা প্রত্যেকে একটা সুনির্দিষ্ট গঠনতন্ত্র দেখতে চায়। যেখানে ফুটবল ভক্ত, লগ্নিকারী থেকে সাধারণ সমর্থকের আবেগ ও ভালোবাসাকে মূল্য দেবে। আমি আশা করি, এই বিষয়টি যত তাড়াতাড়ি সমাধান করা হবে। শুধুমাত্র ভারতের সেরা লিগের জন্য নয়, ভারতীয় ফুটবলের ভবিষ্যতের জন্য।’ অন্যদিকে ইস্টবেঙ্গলের গোলকিপার দেবজিৎ মজুমদারও ফেসবুকে লিখেছেন, ‘একজন খেলোয়াড় হিসেবে, আমার প্রিয় ভারতীয় ফুটবলকে এত অনিশ্চয়তার মধ্যে আটকে থাকতে দেখে কষ্ট লাগে। ফুটবল সবসময়ই আমার মুক্তি, আমার আবেগ, আমার সবকিছু। কিন্তু যখন ভবিষ্যৎ অস্পষ্ট মনে হয়, তখন হৃদয় যন্ত্রণায় ভর্তি হয়ে ওঠে। তবুও আমরা খেলা চালিয়ে যাই। আশা করি খেলার প্রতি এই ভালোবাসাই আমাদের পথ দেখাবে।’

